



বায়োটেক কিমান হাব, কলকাতা

গবেষণা সঙ্কল্পসারণ ও খামার আধিকারন

পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়



'ইয়াস' পরিস্থিতিতে সুন্দরবনের সাহসী চাষীবন্ধুদের জন্য কিছু জরুরি ঘোষণা-

সময়কাল- ২৩ থেকে ২৬শে মে, ২০২১

বাংলা যখন Covid-19-এর সাথে দিন-রাত সংগ্রাম করে চলেছে ঠিক তখনই বাংলার আকাশে ফের দেখা দিল 'ইয়াস' ঘূর্ণিঝড়ের চোখরাঙানি। এই ঘূর্ণিঝড়ের হাত থেকে নিজেকে ও নিজের গৃহপালিত প্রাণীদের রক্ষা করতে আমাদের কিছু আগাম সতর্কতা অবলম্বন করতে হবে। এই ঘূর্ণিঝড় মোকাবিলায় রাজ্য সরকার তৎপরতার সাথে প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছে উপকূলবর্তী জেলাগুলিকে। আগাম সতর্কতা হিসেবে আমাদের যেগুলি করণীয়-

বৃক্ষের বন্ধুদের জন্য জরুরি পরামর্শ-

- 1) মাঠে যাদের পাশ বোরো ধান রয়েছে, সত্বর কেটে গুদামজাত করার ব্যবস্থা করুন।
- 2) তৈলবীজ, ডালপস্য দ্রুত কেটে ঝেড়ে সুরক্ষিত জায়গায় রাখার ব্যবস্থা করতে হবে।
- 3) তিল ও পাটের জমি থেকে বৃষ্টির জল যাতে দ্রুত বের করে দেওয়া যায়, সেই ব্যবস্থা করতে হবে।
- 4) সবজি ও ফল, বিশেষ করে পেঁপে, কলা জাতীয় ফলের গাছ যেগুলির ঝেড়ে ক্ষতি হওয়ার সম্ভাবনা বেশি থাকে সেগুলি যাতে ঝেড়ে ভেঙে না পড়ে সেই ব্যবস্থা করতে হবে।
- 5) সবজির মাচা, পানের বোরোজকে শক্ত করে বেঁধে রাখার ব্যবস্থা করতে হবে। যাতে ভেঙে না পড়ে।
- 6) সবজির জমিতে জমা জল দ্রুত বের করার ব্যবস্থা করতে হবে। প্রাকৃতিক দুর্যোগ কেটে যাওয়ার পর প্রয়োজনে ছত্রাক নাশক স্প্রে করতে হবে।

প্রাণী-পালকদের জন্য জরুরি পরামর্শ-

- 1) প্রাণীদের উঁচু কোন স্থানে নিয়ে যেতে হবে। সম্ভব হলে নিকটবর্তী 'সাইক্লোন সেন্টারে' নিয়ে গেলে ভাল হয়।
- 2) প্রাণীদের জন্য ৭২ ঘন্টার খাবার ও পানীয় জল মজুত করতে হবে।
- 3) প্রাণীদের জন্য প্রয়োজনীয় ওষুধ মজুত রাখতে হবে।
- 4) প্রাণীদের যাতে সংক্রামক রোগের চিকিৎসন হয়ে যায় সেই দিকে খেয়াল রাখতে হবে।
- 5) মুরগীর ক্ষেত্রে ক্লোরিন জলের (১০০০ লিটার জলে ১০ ফোঁটা ক্লোরিন) ব্যবস্থা রাখতে হবে।
- 6) মুরগীর ঘরের চালা ও দেওয়াল গুলি শক্ত আছে কিনা তা আগে থেকেই দেখে নিতে হবে।
- 7) এই সময় কোন প্রাণী মারা গেলে সেগুলি নদী বা সমুদ্রে ভাসিয়ে দেবেন না। সেগুলিকে সঠিক নিয়ম মেনে পুড়িয়ে বা মাটির নিচে পুঁতে ফেলুন।

মৎস্য চাষীদের জন্য জরুরি পরামর্শ-

- 1) নদী বা সমুদ্রে নৌকা নিয়ে মাছ ধরতে যাওয়া মৎস্যজীবীরা তৎপরতার সহিত ঘরে ফিরুন এবং আগামী কয়েকদিন মাছ ধরতে যাওয়া থেকে বিরত থাকুন।
- 2) নৌকা নিরাপদ স্থানে ভালভাবে বেঁধে রাখুন।
- 3) মাছ চাষের বা মাছ ধরার সরঞ্জামগুলিকে নিরাপদ স্থানে রাখুন।
- 4) পুকুর পাড় ভালভাবে মেরামত করে রাখুন।
- 5) মাছ চাষের প্রয়োজনীয় খাবার ও ওষুধ মজুত রাখুন।
- 6) চৌবাচ্চা বা বায়োলককে মাছ চাষের ক্ষেত্রে ইনভার্টার বা জেনারেটর রাখুন।
- 7) ডিমপোনা / ধানিপোনা / চারাপোনা অথবা গলদা বা বাগদার মীন মজুত করা থেকে বিরত থাকুন।

উপরোক্ত কাজগুলি করার সময় কোভিড-১৯ সংক্রান্ত নিয়ম মেনে চলুন। দুরত্ব বজায় রাখুন। সাবান দিয়ে হাত ধোবেন।